

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার. ১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.০০.০০০০.১৪৭.১২.০১২.১৯-২৭১

তারিখ: ০৭.০৫.২০১৯ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের বিভিন্ন বিষয়ে সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে এইচআরএম ডাটাশীট এর তথ্যাবলী হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

২। চাকুরি বিধি অনুযায়ী সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য নিম্নলিখিত শর্ত আবশ্যিকঃ

- (ক) সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রী;
- (খ) সংশ্লিষ্ট বিষয়ে ফিডার পদে ও বছরের কর্ম অভিজ্ঞতা;
- (গ) বিএমডিসি কর্তৃক স্বীকৃত দেশী/বিদেশী মেডিকেল জার্নালে প্রকাশিত কমপক্ষে ৩টি প্রকাশনা;
- (ঘ) ২০১৮ সাল পর্যন্ত (২০১৪-২০১৮) বিগত ৫ বছরের এসিআর;
- (ঙ) সন্তোষজনক চাকুরিকাল;
- (চ) চাকুরি স্থায়ীকরণ;
- (ছ) সিনিয়র স্কেল পাশ;
- (জ) ১২ বছর চাকুরিকাল পূর্তি;

৩। ইতোমধ্যে যেসব কর্মকর্তা উল্লিখিত শর্ত পূরণ করেছেন তাঁদের বর্তমান কর্মসূলের তথ্যসহ প্রয়োজনীয় তথ্যাবলী স্বাস্থ্য অধিদপ্তরের এইচআরএম (HRM) ডাটাশীট এ রাখিত তথ্যাবলী আগামী ১৫.০৫.২০১৯ তারিখের মধ্যে হালনাগাদ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।



(শার্মিস্তা নাসরিন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৮

**বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যোত্তার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাঁকে বিজ্ঞপ্তি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটের নোটিশ বক্সে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাঁকে বিজ্ঞপ্তি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করাসহ সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাঁকে বিজ্ঞপ্তি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করাসহ দেশের সকল সরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল এর অধ্যক্ষ/পরিচালক, ইনসিটিউট প্রধান বরাবরে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।)